জেলা পরিষদ কার্যালয়
কুড়িগ্রাম।
www.zpkurigram.gov.bd

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ৪৬.৪৭.৪৯০০.০০২.০৯.০০৪.২৩.১০৯৪

তারিখ : ০৯.০৫.২০২৪ খ্রিঃ।

" গাছ বিক্রয়ের পুন:দরপত্র (৪র্থ বার) বিজ্ঞপ্তি "

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর মহোদয়ের কার্যালয়ের স্মারক নম্বর: ০৫.৪৭.০০০০.০০৯.০৩.০০৫.২০.১২ তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের অনুমোদন প্রাপ্ত হয়ে বিধি মোতাবেক উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য কুড়িগ্রাম জেলা পরিষদের মালিকানাধীন ভূরুঙ্গামারী উপজেলার পাট গোডাউন হতে ধলডাঙ্গা গামী রাস্তায় এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটির ১৭ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখের সভার অনুমোদন অনুযায়ী গাছের মেয়াদ উত্তীর্ণ ও পরিপক্ক হওয়ায় সোনারহাট মোড় হতে বলদিয়া তালতলা পর্যন্ত রাস্তার বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা গাছ যেখানে যে অবস্থায় আছে নিলামে বিক্রয়ের জন্য অত্র কার্যালয়ের নির্ধারিত সিডিউল ফরমে নিম্নোক্ত শর্তে সীলমোহরযুক্ত খামে মোট ১০ (দশ) টি লটে পুন:দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র ফরম নিম্নবর্ণিত কার্যালয় হতে উল্লিখিত তারিখ ও অফিস চলাকালীন পর্যন্ত ক্রয় করা যাবে। এছাড়া জেলা পরিষদের ওয়েবসাইট (**www.zpkurigram.gov.bd**) এ ফরম পাওয়া যাবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অফিস চলাকালীন অত্র কার্যালয় থেকে জানা যাবে।

| | | |
|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়ের নাম | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| ০২ | বাস্তবায়নকারী সংস্থা | জেলা পরিষদ, কুড়িগ্রাম |
| ০৩ | ক্রয়কারী | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম |
| ০৪ | ক্রয়ের পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০৫ | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | ২৩.০৫.২০২৪ খ্রিঃ অফিস চলাকালীন পর্যন্ত |
| ০৬ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ২৬.০৫.২০২৪ খ্রিঃ দুপুর ১.০০ টা পর্যন্ত |
| ০৭ | দরপত্র ক্রয় এবং দাখিলের স্থান | ক) জেলা পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম।<br>খ) জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।<br>গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| ০৮ | প্রি-টেন্ডার মিটিং এর তারিখ, সময় ও স্থান | ১৯.০৫.২০২৪ খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকায় জেলা পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম |
| ০৯ | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ২৬.০৫.২০২৪ খ্রিঃ বেলা ৪.০০ ঘটিকায় জেলা পরিষদ, কুড়িগ্রাম কার্যালয়ে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। |

গাছের তালিকা :

| ক্রম: নং | লট নং | উপজেলার নাম | গাছের অবস্থানসহ বিবরণ | গাছ সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ০৮ | ভূরুঙ্গামারী | ভূরুঙ্গামারী রবিউল মুদি দোকানের সামন হতে জাহিদের বাড়ীর সামন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা ১টি লটে (৩৫১- ৪০০) ৫০ (পঞ্চাশ) টি গাছ। | ৫০ টি গাছ |
| ২ | ১০ | -ঐ- | ভূরুঙ্গামারী কামারের দোকানের সামন হতে উত্তর ছাট গোপালপুর স্কুলের সামন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা ১টি লটে (৪৫১- ৫০০) ৫০ (পঞ্চাশ) টি গাছ। | ৫০ টি গাছ |
| ৩ | ১১ | -ঐ- | ভূরুঙ্গামারী উত্তর ছাট গোপালপুর স্কুলের সামন হতে শিলখুড়ি বালিকা উচ্চ বিদ্যালয়ের সামন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা ১টি লটে (৫০১- ৫৫০) ৫০ (পঞ্চাশ) টি গাছ। | ৫০ টি গাছ |
| ৪ | ১২ | -ঐ- | ভূরুঙ্গামারী শিলখুড়ি বালিকা উচ্চ বিদ্যালয়ের সামন হতে মনিরের বাড়ির সামন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা ১টি লটে (৫৫১- ৬০০) ৫০ (পঞ্চাশ) টি গাছ। | ৫০ টি গাছ |
| ৫ | ১৩ | -ঐ- | ভূরুঙ্গামারী ঝালবাজার মনিরের বাড়ির সামন হতে ঝাল বাজার আমিনুলের বাড়ির সামন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা ১টি লটে (৬০১- ৬৫৩) ৫৩ (তিপ্পান্ন) টি গাছ। | ৫৩ টি গাছ |
| ৬ | ১৭ | -ঐ- | ভূরুঙ্গামারী ভাই ভাই ইলেকট্রিক দোকানের সামন হতে কাশেম বাজার শামছুল খানের বাড়ীর সামন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা ১টি লটে (১৫১- ২০০) ৫০ (পঞ্চাশ) টি গাছ। | ৫০ টি গাছ |
| ৭ | ১৮ | -ঐ- | ভূরুঙ্গামারী কাশেম বাজার শামছুল খানের বাড়ীর সামন হতে রফিকুলের দোকানের সামন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা ১টি লটে (২০১- ২৫০) ৫০ (পঞ্চাশ) টি গাছ। | ৫০ টি গাছ |
| ৮ | ১৯ | -ঐ- | ভূরুঙ্গামারী রফিকুলের দোকানের সামন হতে আলম মাষ্টারের বাড়ীর সামন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা ১টি লটে (২৫১- ৩০০) ৫০ (পঞ্চাশ) টি গাছ। | ৫০ টি গাছ |
| ৯ | ২০ | -ঐ- | ভূরুঙ্গামারী আলম মাষ্টারের বাড়ীর সামন হতে ভুট্টু মিয়ার কাঠের দোকানের সামন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা ১টি লটে (৩০১- ৩৫০) ৫০ (পঞ্চাশ) টি গাছ। | ৫০ টি গাছ |
| ১০ | ২১ | -ঐ- | ভূরুঙ্গামারী ভুট্টু মিয়ার কাঠের দোকানের সামন হতে ইনসাব আলীর বাড়ীর সামন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা ১টি লটে (৩৫১- ৩৯৪) ৪৪ (চুয়াল্লিশ) টি গাছ। | ৪৪ টি গাছ |

শর্তাবলী :

১) দরপত্র দাতাকে উদ্ধৃত দরের ১০০% অর্থ, আয়কর ১০% এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) ৭.৫০% যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে পৃথক পৃথকভাবে এমআইসিআর পে-অর্ডার/ এমআইসিআর ব্যাংক ড্রাফ্ট- এর মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম- এর অনুকূলে দাখিল করতে হবে। কোন ভাবেই উদ্ধৃত দরের সংগে আয়কর ও ভ্যাট একত্রে জমা দিলে বা আয়কর ও ভ্যাট পৃথকভাবে জমা না দিলে তা গ্রহণযোগ্য হবে না।

২) একাধিক ব্যাংক হতে এমআইসিআর পে-অর্ডার/ এমআইসিআর ব্যাংক ড্রাফট করা হলে দরপত্রে প্রত্যেকটি ব্যাংকের নাম, ড্রাফ্ট/ পে-অর্ডার নম্বর সুস্পষ্টভাবে লিখতে হবে।

(চলমান পৃ: ০২)

৩) দরপত্রে প্রদেয় দরের কম বা বেশি টাকার এমআইসিআর পে-অর্ডার/ এমআইসিআর ব্যাংক ড্রাফট দাখিল করলে দরপত্র গৃহীত হবে না।

৪) ২৬/০৫/২০২৪ খ্রি: তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত গাছের দরপত্র জেলা পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এবং জেলা প্রশাসক, কুড়িগ্রাম কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে।

৫) ২৬/০৫/২০২৪ খ্রি: তারিখ ৪.০০ ঘটিকার সময় গাছের প্রাপ্ত দরপত্র জেলা পরিষদ, কুড়িগ্রাম কার্যালয়ে উপস্থিত দর দাতাগণের সম্মুখে খোলা হবে।

৬) দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্র (আইডি কার্ড)/ জন্ম নিবন্ধন পত্রের ফটোকপি বাধ্যতামূলকভাবে দরপত্র সিডিউল- এর সঙ্গে দাখিল করতে হবে।

৭) অফিস চলাকালীন ৩০০/- (তিনশত) টাকা মূল্যে সিডিউল বিক্রয় করা হবে। দরপত্রের সাথে অবশ্যই সিডিউল ক্রয়ের রসিদ সরবরাহ করতে হবে। দরপত্র সিডিউল ক্রয়ের রসিদ দরপত্রের সংগে দাখিল না করলে এবং ওয়েবসাইট থেকে ডাউনলোড করা সিডিউলের সাথে সিডিউল ক্রয়ের নির্ধারিত মূল্য জমা দেয়ার রসিদ দাখিল না করলে তা বাতিল বলে গণ্য হবে।

৮) নির্ধারিত তারিখের পর কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। দরপত্রে দেয় দর অংকে ও কথায় স্পষ্টভাবে লিখতে হবে এবং দরপত্র খামের উপরিভাগে সংশ্লিষ্ট লটের নম্বর/দরপত্র দাতার নাম উল্লেখ করতে হবে। দেয় দরে অংকে অথবা কথায় কাটাকাটি হয়ে গেলে দরপত্র দাতা কর্তৃক তা প্রতিস্বাক্ষরিত হতে হবে। দাখিলকৃত দরপত্র সিডিউলে কোন প্রকার কাটাকাটি বা ঘষা- মাজা থাকলে বা প্রযোজ্য বিডি/সিডি/পিও দাখিল না করলে বা অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ থাকলে তা বাতিল বলে গণ্য হবে।

৯) দরপত্র দাখিলের পর গাছ সংক্রান্ত কোন প্রকার আপত্তি/অজুহাত বিবেচনা করা হবে না। কাজেই সরেজমিনে গাছ/গাছখন্ডগুলো পরিদর্শনপূর্বক বর্তমান অবস্থা, অবস্থান ও গাছখন্ডের সংখ্যা যাচাই করে দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হ'ল। পরবর্তীতে এ বিষয়ে কোন প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য নাম্বারকৃত গাছ ব্যতিরেকে অন্য কোন গাছ কর্তন করা যাবে না। এরূপ কর্মকান্ড করলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০) কার্যাদেশ প্রাপ্তির পর বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা -২০১১ অনুযায়ী বিভাগীয় বন কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে গাছ কর্তন/ অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১) রাস্তায় যে সময় জনসমাগম ও যানবাহন কম চলাচল করবে সে সময়ে গাছ/গাছখন্ড অপসারণ করতে হবে।

১২) গৃহীত দরদাতাকে বিদ্যুৎ বিভাগের সাথে যোগাযোগপূর্বক গাছ/গাছখন্ড অপসারণ করতে হবে এবং জান ও মালের কোন রকম ক্ষতি হলে নিজ দায়িত্বে বহন করতে হবে। বৈদ্যুতিক কারণে গাছ কর্তন/গাছখন্ড অপসারণে বিলম্ব বা দায়ভার কর্তৃপক্ষ বহন করবে না।

১৩) গাছ/গাছখন্ড অপসারণের সময় রাস্তা, রাস্তার বিভাজক, ফুটপাথ ক্ষতিগ্রস্ত হলে দরদাতাকে নিজ খরচে তা মেরামত করে দিতে হবে।

১৪) প্রতিটি গাছ মাটির লেভেল হতে ৬" উপরে কাটতে হবে এবং কোনক্রমেই গাছের গোড়া উত্তোলন করা যাবে না।

১৫) রাত্রিকালীন কোন গাছ/ গাছখন্ড কর্তন/ বহন করা যাবে না।

১৬) জেলা পরিষদ/ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত প্রতিনিধির উপস্থিতি ব্যতিরেকে গাছ/ গাছখন্ডসমূহ অপসারণ করা যাবে না।

১৭) গাছ/গাছখন্ড অপসারণের নির্ধারিত সময়ে অপসারণ করে নিতে ব্যর্থ হলে পরবর্তীতে টেন্ডারের টাকা ফেরত প্রদান করা হবে না।

১৮) প্রয়োজনবোধে লটের প্রাপ্ত সর্বোচ্চ দর সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ সর্বোচ্চ দরদাতার এমআইসিআর পে-অর্ডার/ এমআইসিআর ব্যাংক ড্রাফট চূড়ান্ত সিদ্ধান্তের পূর্ব পর্যন্ত সংরক্ষণ করে পুনঃদরপত্র আহ্বান করতে পারবেন। এ ক্ষেত্রে সর্বোচ্চ দরদাতা তার দরে বা বেশি দরে (নতুনভাবে যুক্ত করে) শুধুমাত্র অতিরিক্ত দরের বিডি নির্ধারিত তারিখ ও সময়ে বিধি মোতাবেক জমা দিয়ে দর বৃদ্ধি করে পুন: টেন্ডারে অংশগ্রহণ করতে পারবেন।

১৯) বিস্তারিত তথ্য জানার জন্য অত্রাফিসের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হ'ল।

২০) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯/০৫/২৪

(মো: মিজানুর রহমান)
সহকারী প্রকৌশলী (অতি:দা:)
জেলা পরিষদ, কুড়িগ্রাম।
ফোন: ০৫৮১-৫১৩৯০ (অফিস)।
ই-মেইল: ae@zpkurigram.gov.bd

০৯/৫/২৪

স্মারক নং ৪৬.৪৭.৪৯০০.০০২.০৯.০০৪.২৩.১০৯৪/১(৪৫০) তারিখ : ০৯.০৫.২০২৪ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে/ বহুল প্রচারের জন্য প্রেরিত হ'ল :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
০৭। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৯। মেয়র, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ সওজ বিভাগ/ এলজিইডি/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
১২। জনাব ......................................................, সাধারণ/সংরক্ষিত মহিলা সদস্য (সকল), জেলা পরিষদ, কুড়িগ্রাম।
১৩। সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, কুড়িগ্রাম।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১৫। অফিসার ইন-চার্জ, ভূরুঙ্গামারী থানা, কুড়িগ্রাম।

১৬। চেয়ারম্যান ........................................ ইউপি, উপজেলা- ভূরুঙ্গামারী, জেলা- কুড়িগ্রাম।
১৭। উপ-সহকারী প্রকৌশলী/ সার্ভেয়ার, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
১৮। দারোয়ান-কাম-কেয়ার টেকার, জেলা পরিষদ ডাকবাংলো, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম- বহুল প্রচারের জন্য।
১৯। জনাব,..................................................................................................................................।
২০। নোটিশ বোর্ড/ অফিস কপি।

০৯।০৩।২৪

সহকারী প্রকৌশলী (অতি:দা:)
জেলা পরিষদ, কুড়িগ্রাম।

০৯।৩।২৪